

# এফ.এস.সি.এস-এর বিষয়ে

আর্থিক পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠানগুলো অসফল হওয়ার পরিস্থিতি দেখা দিলে / [দেউলিয়া হয়ে গেলে] এফ.এস.সি.এস গ্রাহকদের রক্ষা করে। এটি হল ইউ.কে দ্বারা অনুমোদিত আর্থিক পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠানের গ্রাহকদের জন্য একটি ক্ষতিপূরণ প্রকল্প। 2001 সাল থেকে আমরা কয়েক মিলিয়ন লোকেদের সাহায্য করেছি এবং কয়েক বিলিয়ন পাউন্ড অর্থ পরিশোধ করেছি।

যদি কোন প্রতিষ্ঠান তার ব্যবসা বন্ধ করে দিয়েছে বা তার বিরুদ্ধে দায়ের করা ক্লেমগুলো পরিশোধ করার জন্য তার কাছে পর্যাপ্ত সম্পদসমূহ নেই তাহলে আমরা গ্রাহকদের ক্ষতিপূরণ দিতে পারি। আমরা এটাকে 'ডিফল্টে থাকা' বলি।

কোন প্রতিষ্ঠান ইতিমধ্যে ডিফল্ট হয়েছে কি না তা জানার জন্য, [ডিফল্ট পৃষ্ঠায় কোম্পানিগুলোর অনুসন্ধান](#) -এ আমাদের ভিজিট করুন। প্রতিষ্ঠানটি তালিকাভুক্ত না থাকলেও আপনি ক্লেম দায়ের করতে পারেন।

## আমরা কোন কোন জিনিস কভার করি?

আমরা এমন সকল প্রতিষ্ঠান দ্বারা পরিচালিত ব্যবসা কে কভার করি যেগুলো কে ফাইন্যান্সিয়াল কন্ডাক্ট অথরিটি (এফ.সি.এ) এবং ফ্রডেনশিয়াল রেগুলেশন অথরিটি (পি.আর.এ) দ্বারা অনুমোদিত করা হয়েছে।

এফ.সি.এ. এবং পি.আর.এ হল ইউ.কে-এর স্বাধীন আর্থিক ওয়াচডগ যেগুলোকে ইউ.কে-এর আর্থিক পরিষেবাগুলোকে নিয়ন্ত্রিত করার জন্য এবং গ্রাহকদের অধিকারগুলোকে নিরাপদ রাখার জন্য সরকার দ্বারা ব্যবস্থিত করা হয়েছে। আমরা হয়তো এমন সকল ইউরোপীয় প্রতিষ্ঠানদের কভার করতে পারি যাদের ইউ.কে তে গঠিত হোম স্টেট রেগুলেটরদের দ্বারা অনুমোদিত করা হয়েছে।

এফ.এস.সি.এস নিম্নলিখিতগুলোর রক্ষা করে:

- ডিপোজিট,
- বিনিয়োগ ব্যবসা,
- হোম ফাইন্যান্স (2004 সালের 31 অক্টোবর মাস থেকে শুরু হওয়া ব্যবসার জন্য)
- বীমা নীতি, এবং
- 2005 সালের 14 জানুয়ারি থেকে ব্যবসাদের জন্য বীমা ব্রোकिং: 1 জানুয়ারি 2009 থেকে আমরা জড়িত ভ্রমণ বীমা'র ও রক্ষা করি যেখানে ভ্রমণ সংস্থারা এবং ছুটি প্রদানকারীরা কোন ছুটি বা অন্যান্য সম্পর্কিত ব্যবসা সংক্রান্ত ভ্রমণের সঙ্গে একটি নীতি (পলিসি) বিক্রি করেন।

এই পরিকল্পনাটিকে ফাইন্যান্সিয়াল সার্ভিসিজ অ্যান্ড মার্কেটস অ্যাক্ট 2000 দ্বারা ব্যবস্থিত করা হয়েছিল এবং এটা 1 ডিসেম্বর 2001 থেকে প্রযোজ্য হয়েছে। আমরা এই তারিখের পূর্বে দায়ের করা ক্লেমগুলোও কভার করি।

গ্রাহকদেরকে এফ.এস.সি.এস তার পরিষেবা বিনামূল্যে প্রদান করে এবং এটা সরকার এবং আর্থিক ইন্ডাস্ট্রি থেকে স্বাধীন।

## প্রদান করা সুরক্ষার কি কোন সীমা রয়েছে?

এফ.সি.এ এবং পি.আর.এ আমাদের দ্বারা প্রদান করা সুরক্ষাকে গভর্ন করে এবং তারাই আমাদের দ্বারা প্রদান করা ক্ষতিপূরণের সীমা এবং নিয়ম নির্ধারিত করে। পি.আর.এ-এর নিয়মগুলো ডিপোজিট এবং জীবন এবং সাধারণ বীমা নীতি সংক্রান্ত ক্লেমগুলোকে কভার করে। এই নিয়মগুলো [PRA Rulebook](#)-এর ডিপসিটর প্রোটেকশন অ্যান্ড পলিসিহোল্ডার প্রোটেকশন অংশে উল্লিখিত রয়েছে।

আমাদের দ্বারা উপরে বর্ণিত অন্যান্য সকল ধরনের ব্যবসার সাথে সম্পর্কিত ক্লেমগুলো এফ.সি.এ-এর নিয়মের অধীনে রয়েছে এবং এগুলো [এফ.সি.এ হ্যান্ডবুক](#)-এর প্রতিকার (রিডেস) নামক অংশে উল্লিখিত রয়েছে।

চ্যানেল স্লিপপুঞ্জ বা আইল অব ম্যান কিন্তু এফ.এস.সি.এস-এর অধীনে আসে না যদিও বীমা সংক্রান্ত ক্লেমের জন্য কিছু ব্যতিক্রম বিদ্যমান রয়েছে।